দৈনিক
ইত্তেফাক

তারিখ 26 FEB 2007
পৃষ্ঠা ৩ কলাম ৭

মানিকগঞ্জের দেবেন্দ্র বিশ্ববিদ্যালয় কলেজ ও মহিলা কলেজের অধ্যক্ষসহ বহু পদ শূন্য

॥ মজিবর রহমান, মানিকগঞ্জ সংবাদদাতা ॥

সরকারী দেবেন্দ্র বিশ্ববিদ্যালয় কলেজ ও সরকারী মহিলা কলেজে অধ্যক্ষসহ বেশ কিছু সংখ্যক অধ্যাপক, সহকারী ও সহযোগী অধ্যাপক এবং প্রভাষক পদ শূন্য থাকায় প্রশাসনিক কার্যক্রম এবং লেখাপড়া মারাত্মক ব্যাহত হচ্ছে। জানা যায়, গত কয়েক মাস যাবৎ বিশ্ববিদ্যালয় কলেজের অধ্যক্ষ প্রফেসর মহিদুর রহমান তালুকদার চাকরি থেকে অবসর নেয়ার পর এই পদে কোন অধ্যক্ষ নিয়োগ দেয়া হয়নি। বর্তমানে বাংলা বিভাগের প্রধান প্রফেসর ঊর্মিলা রায় ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দীর্ঘদিন দায়িত্ব পালন করছেন। উপাধ্যক্ষ পদটি দীর্ঘদিন যাবৎ শূন্য রয়েছে। এ ছাড়া এই কলেজে রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ১ জন সহযোগী অধ্যাপক, ১ জন সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগের ১ জন অধ্যাপক, ১ জন সহকারী অধ্যাপক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের ১ জন সহযোগী অধ্যাপক, হিসাব বিজ্ঞান বিভাগের ১ জন অধ্যাপক, ব্যবস্থাপনা বিভাগের ১ জন সহকারী অধ্যাপক, ২ জন প্রভাষকের পদ দীর্ঘদিন যাবৎ শূন্য রয়েছে। পদগুলো শূন্য থাকায় কলেজের মানবিক, বিজ্ঞান, বাণিজ্য বিভাগের ও উচ্চ মাধ্যমিক স্নাতক শ্রেণীর এবং ৬টি অনার্স বিভাগের প্রায় ৩ হাজার ছাত্র-ছাত্রীর পড়াশোনা মারাত্মক ব্যাহত হচ্ছে। পাশাপাশি প্রশাসনিক অবস্থা ভেঙ্গে পড়েছে। এ-ছাড়া বেশ কিছু গুরুত্বপূর্ণ বিষয়ের শিক্ষকগণ রাজধানী ঢাকা থেকে এসে ক্লাসে যোগদান করে থাকেন। অনেক সময় ঐ সকল শিক্ষকেরা ঝড়, বৃষ্টি, পরিবহন ধর্মঘটসহ রাজনৈতিক গোলযোগের কারণে ক্লাসে উপস্থিত হতে পারেন না। এছাড়া যে সব শিক্ষকগণ কলেজের কাছাকাছি অবস্থান করেন তাদের অধিকাংশ শিক্ষকই ক্লাস চলাকালীন সময়ে প্রাইভেট পড়ানো নিয়ে ব্যস্ত থাকেন। এসব শিক্ষকদের নিয়মিত পাঠদানের জন্য কলেজে উপস্থিত থাকার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার দাবি ছাত্র-ছাত্রীদের দীর্ঘদিনের। কলেজের দূর-দূরান্তের ছাত্র-ছাত্রী যাতায়াতের জন্য একটি বাসের দাবি থাকলেও দীর্ঘদিনেও এ দাবি পূরণ হয়নি। এদিকে সরকারী মহিলা কলেজেও অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও অন্যান্য বিভাগের মোট ৫ জন (১৪শ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

মানিকগঞ্জের সরকারী দেবেন্দ্র

(তৃতীয় পৃঃ পর)

শিক্ষকের পদ দীর্ঘদিন যাবৎ শূন্য থাকায় কলেজের লেখাপড়াসহ প্রশাসনিক ক্ষেত্রে অসুবিধা দেখা দিয়েছে। জানা যায়, অধ্যক্ষ প্রফেসর নূরুল হক অবসর নেয়ার পর উপাধ্যক্ষ আব্দুর রহিম খান দীর্ঘদিন যাবৎ ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করছেন। অর্থনৈতিক বিভাগে একজন সহকারী অধ্যাপক, প্রাণীবিদ্যা বিভাগে একজন সহকারী অধ্যাপক এবং পদার্থবিদ্যা বিভাগে একজন সহকারী অধ্যাপকের পদ দীর্ঘদিন যাবৎ শূন্য রয়েছে।